

# জাতীয়করণের দাবিতে শনিবার সারা দেশে শিক্ষক ফোরামের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক



মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে শনিবার মানববন্ধন কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীরা। আজ শুক্রবার জাতীয় প্রেস ক্লাবের সামনে জাতীয় শিক্ষক ফোরামের ঢাকা মহানগর উত্তর দক্ষিণ শাখার আয়োজনে এই কর্মসূচি পালিত হয়।

সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যাপক নাসির উদ্দিন খান বলেন, দেশের সাড়ে পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর সঙ্গে সরকার বিমাতাসুলভ আচরণ করছে। অথচ এই স্তরে শিক্ষার ৯৬ ভাগ দায়িত্ব পালন করছেন বেসরকারি শিক্ষকরা।

মাত্র ৪ ভাগ দায়িত্ব পালনকারীদের দেওয়া হচ্ছে সব সুযোগ-সুবিধা। এই পাহাড়সম বৈষম্য দূর করা সময়ের দাবিতে পরিণত হয়েছে একমাত্র সমাধান জাতীয়করণ।

শাখা কমিটির সভাপতি মাওলানা এ বি এম জাকারিয়া বলেন, দেশে ৭ হাজার ৪৫৩টি ইবতেদায়ি মাদরাসার মধ্যে অনুদানভুক্ত মাত্র ১ হাজার ৫১৯টি অনুদানও দেওয়া হচ্ছে নামমাত্র। সংশ্লিষ্ট শিক্ষকরা মানবেতর জীবনযাপন করছে।

মাদরাসা শিক্ষা অস্তিত্ব সংকটে পড়েছে। ফলে এসব মাদরাসা ও জাতীয়করণ করতে হবে।

শিক্ষক নেতারা বলেন, আগামী প্রজন্মকে মাদক দুর্নীতি ও কিশোর গ্যাংয়ের ভয়াবহতা থেকে রক্ষা করতে ধর্মীয় ও নৈতিক শিক্ষার বিকল্প নেই। তাই শিক্ষার সব স্তরে ধর্ম শিক্ষা বাধ্যতামূলক করতে হবে।